

ইনডেক্স মানচিত্রের ডকুমেন্টেশন

১. মন্ত্রণালয় : বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিভাগ : জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
দপ্তর : বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর (জিএসবি)

২. শিরোনাম : ইনডেক্স মানচিত্রের মাধ্যমে ভূ-বৈজ্ঞানিক তথ্য প্রদান প্রক্রিয়া সহজীকরণ

৩. সমস্যাটি কি ছিলো : জিএসবি বিভিন্ন ক্ষেত্রে সমগ্র বাংলাদেশের ভূবৈজ্ঞানিক মানচিত্রায়ন করে থাকে। এ পর্যন্ত জিএসবি যে সকল মানচিত্রায়ন সম্পন্ন করেছে তার কিছু অংশ বিজি প্রেসের মাধ্যমে প্রতিবেদন আকারে প্রকাশিত হয়েছে। কিন্তু সম্পাদিত কার্যাবলীর একটি বিরাট অংশ অপ্রকাশিত অবস্থায় জিএসবি'র ডাটা সেন্টারে সংরক্ষিত আছে। অপ্রকাশিত বিধায় এগুলির তথ্য জনগনের চাহিদা মোতাবেক সরবরাহ করা যায় না। এমনকি কোন কোন এলাকায় কি ধরনের মানচিত্রায়ন হয়েছে তার তালিকাও জানা সম্ভব হয় না। ফলে জনগনের চাহিদা অনুযায়ী তথ্য সরবরাহ বাধাগ্রস্ত হয়।

৪. কিভাবে সমস্যাটির সমাধান করা হয়েছে: উপরোক্ত সমস্যা সমাধানের জন্য একটি ইনডেক্স মানচিত্র প্রস্তুত করে তাতে বিভিন্ন তথ্যসমূহ সংযুক্ত করা হবে যাতে যে কেউ বাংলাদেশের যে কোনো উপজেলার তথ্য পেতে চাইলে জিএসবি সম্পাদিত কোনো কাজ উক্ত এলাকায় সম্পাদিত হয়েছে কিনা, হয়ে থাকলে কি কি কাজ কত ক্ষেত্রে সম্পাদিত হয়েছে তার তথ্য পেতে পারবে। ইনডেক্স মানচিত্রটি জিএসবি'র ওয়েব সাইটে থাকলে নিজেই ও সেবাগ্রহীতা ওয়েব সাইটের মাধ্যমে তথ্য প্রাপ্তির বিষয়ে জানতে পারবে।


৫. সমস্যা সমাধানের মধ্যে উদ্ভাবন কি ছিল: সেবাগ্রহীতাসহ জিএসবি'র যে কোনো কর্মকর্তা যে কোন অবস্থান থেকে বাংলাদেশের যে সকল এলাকায় জিএসবি'র ভূ-বৈজ্ঞানিক কার্যক্রম সম্পন্ন হয়েছে সে বিষয়ে বিনা খরচ এবং বিনা যাতায়াতে স্বল্প সময়ে তথ্য পেতে পারেন। ওয়েব সাইটে প্রদর্শিত ইনডেক্স মানচিত্রের মাধ্যমে চাহিত এলাকার তথ্য, মানচিত্রের প্রাপ্যতা বিষয়ে অবহিত হওয়া এবং পরবর্তীতে চাহিত বিষয়ের জন্য আবেদন করা সহজতর হবে।

৬. বর্তমান উদ্ভাবনের পূর্বের অবস্থা কি ছিলো: পূর্বে সেবাগ্রহীতাগণের চাহিদা মোতাবেক তথ্য সরবরাহ সময় সাপেক্ষ ছিলো, সেবাগ্রহীতাকে বিভিন্ন ডেস্কে গিয়ে পরিপূর্ণ তথ্য পেতে হতো। তাতে সময় এবং যাতায়াত খরচ হতো।

৭. জনগনের সেবা প্রদানে কিভাবে এটি ভূমিকা রাখবে: সেবাগ্রহীতাগণকে এর মাধ্যমে বিনা খরচ এবং বিনা যাতায়াতে স্বল্প সময়ে তথ্য প্রদান করা সম্ভব হবে।

৮. উদ্ভাবনটিতে কি শিক্ষণীয় রয়েছে: জিএসবি দ্বারা সম্পাদিত ভূবৈজ্ঞানিক কার্যক্রমের তথ্যাবলী।

৯. ছবি (যদি থাকে):



(নাসিমা বেগম)

উপ-পরিচালক

বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
সেগুন বাগিচা, ঢাকা